গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
www.narsingdisadar.narsingdi.gov.bd

নরসিংদী সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জুন/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : আসমা সুলতানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী।

স্থান : ২১ জুন ২০২৩, সময়: সকাল ১০.০০ টা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রথমে বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:	আলোচনার বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী সভায় জানান যে, আসন্ন ঈদুল আযহা/২০২৩ কে কেন্দ্র করে যাতে কেউ ধর্মীয় সম্প্রীতি এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিঘ্ন সৃষ্টি করতে না পারে তার জন্য সংশ্লিষ্ট সকলকে তৎপর হওয়ার অনুরোধ জানান। পশু চুরি রোধে এবং কোরবানির পশুর বাজারের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া নির্ধারিত স্থানে পশু কোরবানি করা এবং কোরবানির বর্জ্য দ্রুততম সময়ের মধ্যে অপসারণ করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদীসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে এ বিষয়ে তৎপর থাকার জন্য অনুরোধ করা হয়।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী।
২	চেয়ারম্যান, পাইকারচর ইউনিয়ন পরিষদ বলেন যে, মাদকের সাথে যারা জড়িত তাদের বিরুদ্ধে কঠিন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। আসন্ন ঈদকে কেন্দ্র করে যাতে মাদকের ব্যবহার বেড়ে না যায় সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানাকে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানা, নরসিংদী।
৩	প্যানেল চেয়ারম্যান, চিনিশপুর ইউনিয়ন পরিষদ বলেন যে, ঈদে উপজেলার সবচেয়ে বড় জামায়াত হয় গাবতলী মাদ্রাসার মাঠে। এ মাঠসহ সমগ্র উপজেলায় ঈদ উপলক্ষ্যে পুলিশি টহল বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী।
৪	চেয়ারম্যান, আমদিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে আমদিয়া ইউনিয়নে ৩ টি অস্থায়ী পশুর হাট বসবে। এ সকল হাটের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানাকে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানা, নরসিংদী।
৫	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চরদিঘলদী ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে পুলিশের একটি অস্থায়ী ক্যাম্প স্থাপন করা হয়েছে। যার ফলে সাধারণ মানুষের চিকিৎসা সেবা কিছুটা বিঘ্নিত হচ্ছে। এছাড়া মাসিক বিদ্যুৎ বিলের পরিমান অস্বাভাবিক হারে বৃদ্ধি পাওয়ায় সরকারি বরাদ্দ দিয়ে পরিশোধ করা সম্ভব হচ্ছে না।	বিষয়টি নিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মাধবদী থানাকে অনুরোধ করা হয়।	অফিসার ইনচার্জ, মাধবদী থানা
৬	অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা বলেন যে, আসন্ন ঈদুল আযহা/২০২৩ উপলক্ষ্যে কৃষক/খামারীগণের পালিত পশু চুরি রোধে পুলিশি টহল বৃদ্ধি করা হয়েছে। নৌ পথেও পুলিশি টহলের ব্যবস্থা করা হয়েছে। ইতোমধ্যে কয়েকজন গরু চোরকে আইনের আওতায় আনা হয়েছে। মাদক, জুয়া এবং ইভটিজিংসহ আইন-শৃঙ্খলা ও সামাজিক সম্প্রীতি রক্ষায় তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন।	অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী।
৭	ওসি তদন্ত, মাধবদী থানা বলেন যে, আসন্ন পবিত্র ঈদুল আযহা/২০২৩ উপলক্ষ্যে কোরবানির পশু চুরি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে কয়েকজন গরু চোরকে আইনের আওতায় আনা হয়েছে। এ বিষয়ে পশু মালিকসহ সংশ্লিষ্ট সকলের সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানাকে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানা, নরসিংদী।

Law and order meeting

৮	সভাপতি, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সকল সদস্যদেরকে জানান যে, জনপ্রতিনিধিগণ যদি আইন-শৃঙ্খলা এবং সামাজিক সম্প্রীতি রক্ষায় সতর্ক থাকে এবং সার্বিক সহযোগিতা প্রদান করেন, তাহলে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা সহজ হয়। উপজেলার যে সকল ব্যক্তি মাদক বিক্রয় বা সেবন এবং অন্যান্য অপরাধমূলক কর্মকান্ডে জড়িয়ে রয়েছেন তাদের বিরুদ্ধে কঠিন ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন। আসন্ন ঈদুল আযহা/২০২৩ কে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং পশু চুরি প্রতিরোধে এবং অস্থায়ী পশুর বাজারে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে। এছাড়া নির্ধারিত স্থানে পশু কোরবানি করা এবং কোরবানির বর্জ্য দ্রুততম সময়ের মধ্যে অপসারণ করার জন্য সকলের প্রতি আহবান জানান। চরাঞ্চলসহ সমগ্র উপজেলায় আইন-শৃঙ্খলা রক্ষায় এবং ইভটিজিংসহ বাল্য বিবাহ রোধে সকলকে একযোগে কাজ করার অনুরোধ জানান। এ বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	মাদক, আইন-শৃঙ্খলা, ইভটিজিং ও ধর্মীয় সম্প্রীতি রক্ষায় জনপ্রতিনিধিসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/ মাধবদী থানা, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য জনপ্রতিনিধিগণ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/06/23

আসমা সুলতানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
নরসিংদী সদর, নরসিংদী

স্মারকনং-০৫.৪১.৬৮৬০.০০০.১৪.০০১.২৩-৫৯১ তারিখঃ ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১। লেঃ কর্ণেল (অবঃ) মোহাম্মদ নজরুল ইসলাম (বীর প্রতীক), মাননীয় সংসদ সদস্য (নির্বাচনী এলাকা- ১৯৯, নরসিংদী- ১)।
২। জনাব আনোয়ারুল আশরাফ খান, মাননীয় সংসদ সদস্য (নির্বাচনী এলাকা-২০০, নরসিংদী-২)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।
২। পুলিশ সুপার, নরসিংদী।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী।
৪। মেয়র, নরসিংদী পৌরসভা/ মাধবদী পৌরসভা, নরসিংদী সদর, নরসিংদী।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী।
৬। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, নরসিংদী।
৭। অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/ মাধবদী থানা/নৌ পুলিশ ফাঁড়ি, নরসিংদী।
৮। উপজেলা.................................অফিসার, নরসিংদী সদর, নরসিংদী।
৯। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী।
১০। চেয়ারম্যান,........................ .. ... ইউনিয়ন পরিষদ (সকল), নরসিংদী সদর, নরসিংদী।
১১। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার ....
১২। জনাব ...., নরসিংদী সদর, নরসিংদী।

22/06/23

উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
www.narsingdisadar.narsingdi.gov.bd

নরসিংদী সদর উপজেলা টাস্কফোর্স (চোরাচালান নিরোধ) কমিটির জুন/২০২৩ মাসের সভার কার্যবিবরণী:-

সভাপতি : আসমা সুলতানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী

স্থান : উপজেলা পরিষদ কনফারেন্স হল

তারিখ : ২১ জুন ২০২৩, সময়: সকাল ১০.৩০ টা

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। প্রথমে বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। পরে নিম্নবর্ণিত বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী এর পরিদর্শক সভায় বলেন যে, মাদকদ্রব্যের চোরাচালান রোধে এর সাথে জড়িত সকলকে আইনের আওতায় আনার প্রচেষ্টা অব্যাহত আছে। মাদকের সাথে জড়িত যে কোন ব্যক্তির বিষয়ে অভিযোগ দাখিলের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং তার মোবাইলে ফোন করে সুনির্দিষ্ট অভিযোগ থাকলে তা জানানোর জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন যে, মাদকদ্রব্যের চোরাচালান রোধে এর সাথে জড়িত সকলকে আইনের আওতায় আনার জন্য মোবাইল কোর্ট পরিচালনাসহ নিয়মিত মামলা ও অভিযান অব্যাহত আছে।

চেয়ারম্যান, পাইকারচর ইউনিয়ন পরিষদ বলেন যে, মাদকের সাথে যারা জড়িত তাদের বিরুদ্ধে কঠিন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। আসন্ন ঈদকে কেন্দ্র করে যাতে মাদকের ব্যবহার বেড়ে না যায় সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

নরসিংদী মডেল থানা এবং মাধবদী থানার পুলিশ কর্মকর্তা জানান, চোরাচালান প্রতিরোধে তাদের অভিযান অব্যাহত আছে এবং আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী চোরাচালান প্রতিরোধে তৎপর রয়েছেন।

উপজেলা নির্বাহী অফিসার ও সভার সভাপতি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, মাদক সেবন বা মাদক ব্যবসায়ী কেউ যাতে শান্তিতে থাকতে না পারে সে জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী এর পরিদর্শকসহ আইন-শৃঙ্খলা বাহিনীকে আরো তৎপর ও সতর্ক থাকতে হবে। সারা বছর ব্যাপী চোরাচালান বিরোধী কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিস্ট সকলকে আহবান জানান। এ বিষয়ে সুস্পষ্ট তথ্য দিয়ে সকলকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ ও মাদকের বিষয়ে অবহিতকরণ সভাসহ মদ, গাঁজা, ফেনসিডিল, ইয়াবাসহ সকল প্রকার মাদক ব্যবসায়ের সাথে জড়িতদের তালিকা সরবরাহ করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। মাদকের ভয়াবহ ছোবল থেকে যুব সমাজসহ সকলকে রক্ষা করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সক্রিয় ভূমিকা রাখতে হবে। মসজিদের ইমামদের মাধ্যমে মাদকের কুফল সম্পর্কে অবগত করানো যেতে পারে। নরসিংদী সদর উপজেলায় সীমান্তবর্তী কোন এলাকা নেই। এ উপজেলা অধিক্ষেত্রে বিভিন্ন মাদক বিক্রয়ের স্পট, চলন্ত ট্রেনে ও বিভিন্ন যানবাহনে চোরাচালান বিরোধী টাস্কফোর্স অভিযান পরিচালনা আরো জোরদার করতে হবে। মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান চালানোর জন্য সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর; পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী এবং অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা ও মাধবদী থানাকে স্পট চিহ্নিত করে অভিযান পরিচালনা জোরদার করার জন্য অনুরোধ জানানো হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্রঃ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নরসিংদী সদর উপজেলায় কোন মাদক সেবী বা মাদক ব্যবসায়ী কেউ যাতে পার পেতে না পারে সে জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী এর পরিদর্শকসহ আইন-শৃঙ্খলা বাহিনীকে আরো তৎপর ও সতর্ক থাকার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইন-চার্জ, নরসিংদী মডেল থানা/ মাধবদী থানা এবং পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী।

০২	মাদকদ্রব্য চোরাচালান প্রতিরোধে জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষে ইউনিয়ন পর্যায়ে অবহিতকরণ সভা এবং মসজিদের ইমাম ও মুয়াজ্জিনের মাধ্যমে মাদকের কুফল সম্পর্কে জনগনকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, সমন্বয়কারী, ইসলামিক ফাউন্ডেশন, নরসিংদী সদর এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), নরসিংদী সদর, নরসিংদী।
০৩	মাদক দ্রব্য বিক্রয়ের সম্ভাব্য স্থান (চলন্ত ট্রেনসহ যে কোন যানবাহন এবং বাসস্ট্যান্ড এলাকা) নরসিংদী সদর উপজেলা অধিক্ষেত্রে সন্দেহভাজন নতুন নতুন এলাকা চিহ্নিত করে চোরাচালান বিরোধী অভিযান জোরদার করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইন-চার্জ, নরসিংদী মডেল থানা/ মাধবদী থানা/পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৬/২৩

আসমা সুলতানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা টাস্কফোর্স (চোরাচালান নিরোধ) কমিটি
নরসিংদী সদর, নরসিংদী
ফোনঃ ০২২২৪৪৫২৪৬৭
E-mail: unonarsingdi@mopa.gov bd

স্মারকনং-০৫.৪১.৬৮৬০.০০০.১৪.০০২.২৩-৫৯৯

তারিখঃ ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।
২। পুলিশ সুপার, নরসিংদী।
৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ -

১। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, নরসিংদী
২। অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/ মাধবদী থানা, নরসিংদী।
৩। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী।
৪। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), নরসিংদী সদর, নরসিংদী।
৫। জনাব ....
৬। অফিস কপি।

২২/০৬/২৩

উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
www.narsingdisadar.narsingdi.gov.bd

নরসিংদী সদর উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির জুন/২০২৩ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : আসমা সুলতানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী

স্থান : উপজেলা পরিষদ কনফারেন্স হল

তারিখ : ২১ জুন ২০২৩, সময়: সকাল ১১.০০ টা

সভায় উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। প্রথমে বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। পরে নিম্নবর্ণিত বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:	আলোচনার বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
১	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী সভায় জানান যে, আসন্ন ঈদুল আযহা/২০২৩ কে কেন্দ্র করে যাতে কেউ ধর্মীয় সম্প্রীতি এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিঘ্ন সৃষ্টি করতে না পারে তার জন্য সংশ্লিষ্ট সকলকে তৎপর হওয়ার অনুরোধ জানান। পশু চুরি রোধে এবং কোরবানির পশুর বাজারের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া নির্ধারিত স্থানে পশু কোরবানি করা এবং কোরবানির বর্জ্য দ্রুততম সময়ের মধ্যে অপসারণ করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী এবং মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে এ বিষয়ে তৎপর থাকার জন্য অনুরোধ করা হয়।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী এবং পরিদর্শক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নরসিংদী।
২	চেয়ারম্যান, চিনিশপুর ইউপির প্রতিনিধি বলেন যে, ঈদে উপজেলার সবচেয়ে বড় জামায়াত হয় গাবতলী মাদ্রাসার মাঠে। এ মাঠসহ সমগ্র উপজেলায় ঈদ উপলক্ষ্যে পুলিশি টহল বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী।
৩	চেয়ারম্যান, আমদিয়া ইউনিয়ন জানান যে, আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে আমদিয়া ইউনিয়নে ৩ টি অস্থায়ী পশুর হাট বসবে। এ সকল হাটের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানাকে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানা, নরসিংদী।
৪	অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা বলেন যে, আসন্ন ঈদুল আযহা/২০২৩ উপলক্ষ্যে কৃষক/খামারীগণের পালিত পশু চুরি রোধে পুলিশি টহল বৃদ্ধি করা হয়েছে। নৌ পথেও পুলিশি টহলের ব্যবস্থা করা হয়েছে। ইতোমধ্যে কয়েকজন গরু চোরকে আইনের আওতায় আনা হয়েছে। মাদক, জুয়া এবং ইভটিজিংসহ আইন-শৃঙ্খলা ও সামাজিক সম্প্রীতি রক্ষায় তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন।	অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী।
৫	ওসি তদন্ত, মাধবদী থানা বলেন যে, আসন্ন পবিত্র ঈদুল আযহা/২০২৩ উপলক্ষ্যে কোরবানির পশু চুরি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে কয়েকজন গরু চোরকে আইনের আওতায় আনা হয়েছে। এ বিষয়ে পশু মালিকসহ সংশ্লিষ্ট সকলের সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানাকে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	সহকারি কমিশনার (ভূমি), নরসিংদী সদর, অফিসার ইনচার্জ, মাধবদী থানা, নরসিংদী।
৬	সভাপতি, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সকল সদস্যদেরকে জানান যে, আসন্ন পবিত্র ঈদুল আযহা/২০২৩ কে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের টহল বৃদ্ধি করতে হবে। এ সময়ে যাতে কেউ ধর্মীয় সম্প্রীতি বিনষ্ট করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হয়।	এ বিষয়ে জনপ্রতিনিধিসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরো তৎপর হওয়ার পরামর্শ দেয়া হয়।	সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/ মাধবদী থানা এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/06/23

আসমা সুলতানা নসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি
নরসিংদী সদর, নরসিংদী
ফোনঃ ০২২২৪৪৫২৪৬৭
E-mail: unonarsingdi@mopa.gov bd

স্মারকনং-০৫.৪১.৬৮৬০.০০০.১৪.০০৩.২৩-৫৯৪/১

তারিখঃ ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১। লেঃ কর্ণেল (অবঃ) মোহাম্মদ নজরুল ইসলাম (বীর প্রতীক), এম পি (নির্বাচনী এলাকা- ১৯৯, নরসিংদী-১)।
২। জনাব আনোয়ারুল আশরাফ খান, মাননীয় সংসদ সদস্য (নির্বাচনী এলাকা-২০০, নরসিংদী-২)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।
২। পুলিশ সুপার, নরসিংদী।
৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী।
৫। মেয়র, নরসিংদী পৌরসভা/ মাধবদী পৌরসভা, নরসিংদী সদর, নরসিংদী
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী
৭। অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল থানা/ মাধবদী থানা, নরসিংদী
৮। উপজেলা.............................অফিসার, নরসিংদী সদর, নরসিংদী
৯। চেয়ারম্যান,.......................... ইউ.পি (সকল), নরসিংদী সদর, নরসিংদী
১০। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক...
১১। জনাব ...., নরসিংদী সদর, নরসিংদী
১২। অফিস কপি

22/06/23

উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী